# নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

৩৮। ভাল পরিবেশকে আঁকড়ে ধরা ও মন্দ পরিবেশ বর্জন করা (لزوم البيئة الصالحة، وهجر بيئة السوء)

আল্লাহ তা‘আলা বলেন:

(يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَكُونُوا مَعَ الصَّادِقِينَ (119)) [التوبة:119].

‘হে মুমিনগণ! আল্লাহকে ভয় কর এবং সত্যবাদীদের সাথে থাক’ (সূরা আত-তাওবা: ১১৯)। আল্লাহ তা‘আলা আরও বলেন:

(وَاصْبِرْ نَفْسَكَ مَعَ الَّذِينَ يَدْعُونَ رَبَّهُمْ بِالْغَدَاةِ وَالْعَشِيِّ يُرِيدُونَ وَجْهَهُ وَلَا تَعْدُ عَيْنَاكَ عَنْهُمْ تُرِيدُ زِينَةَ الْحَيَاةِ الدُّنْيَا وَلَا تُطِعْ مَنْ أَغْفَلْنَا قَلْبَهُ عَنْ ذِكْرِنَا وَاتَّبَعَ هَوَاهُ وَكَانَ أَمْرُهُ فُرُطًا (28)) ... [الكهف: 28].

‘আর তুমি নিজকে ধৈর্যশীল রাখ তাদের সাথে, যারা সকাল-সন্ধ্যায় তাদের রবকে ডাকে, তাঁর সন্তুষ্টির উদ্দেশে এবং দুনিয়ার জীবনের সৌন্দর্য কামনা করে। তোমার দু’চোখ যেন তাদের থেকে ঘুরে না যায়। আর ঐব্যক্তির আনুগত্য করো না, যার অন্তরকে আমি আমার যিকর থেকে গাফেল করে দিয়েছি এবং যে তার প্রবৃত্তির অনুসরণ করেছে এবং যার কর্ম বিনষ্ট হয়েছে’ (সূরা আল-কাহাফ: ২৮)। আল্লাহ তা‘আলা আরও বলেন:

(وَجَاءَ رَجُلٌ مِنْ أَقْصَى الْمَدِينَةِ يَسْعَى قَالَ يَامُوسَى إِنَّ الْمَلَأَ يَأْتَمِرُونَ بِكَ لِيَقْتُلُوكَ فَاخْرُجْ إِنِّي لَكَ مِنَ النَّاصِحِينَ (20) فَخَرَجَ مِنْهَا خَائِفًا يَتَرَقَّبُ قَالَ رَبِّ نَجِّنِي مِنَ الْقَوْمِ الظَّالِمِينَ (21)) [القصص: 20 ـ 21].

‘আর শহরের দূরপ্রান্ত থেকে একজন লোক ছুটে আসল। সে বলল, হে মূসা! নিশ্চয় পরিষদবর্গ তোমাকে হত্যার পরামর্শ করছে, তাই তুমি বেরিয়ে যাও, নিশ্চয় আমি তোমার জন্য কল্যাণকামীদের একজন। (২০) তখন তিনি ভীত প্রতীক্ষারত অবস্থায় শহর থেকে বেরিয়ে পড়লেন। বললেন, হে আমার রব! আপনি যালিম কওম থেকে আমাকে রক্ষা করুন’ (সূরা আল-ক্বাছাছ: ২০-২১)।

আল্লাহ তা‘আলা আরও বলেন:

(وَإِمَّا يُنْسِيَنَّكَ الشَّيْطَانُ فَلَا تَقْعُدْ بَعْدَ الذِّكْرَى مَعَ الْقَوْمِ الظَّالِمِينَ ). [الأنعام: 68]

‘আর যদি শয়তান তোমাকে ভুলিয়ে দেয়, তবে উপদেশ দানের পর যালিম সম্প্রদায়ের সাথে বসো না’ (সূরা আল-আন‘আম: ৬৮)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9379

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন